২০২৪

# বাংলা—সাধারণ

## তৃতীয় সেমেস্টার

### পত্র : GE/CC-3

### (বাংলা কাব্য-কবিতা ও নাটক)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'মাথুর' বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? পাঠ্যপদ অবলম্বনে তার কৃতিত্বের সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ১০

*অথবা,*

(খ) "নীরদ নয়নে/নীর ঘন সিঞ্চনে"— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? পদটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮

২। (ক) 'পুনশ্চ' কাব্যগ্রন্থের 'সাধারণ মেয়ে' কবিতায় একটি সাধারণ মেয়ে কবির লেখনি স্পর্শে কীভাবে অসাধারণ হয়ে উঠেছে তা বর্ণনা করো। ১০

*অথবা,*

(খ) 'নষ্টনীড়' কবিতায় কবি সমর সেন গ্রাম ও শহরের দ্বন্দ্বকে এক বিপর্যয়ের পটভূমিতে স্থাপন করেছেন।— কবিতার মূল বিষয়কে অবলম্বন করে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

৩। (ক) 'রাজা ও রানী' নাটকে ইলা ও কুমার সেন-এর উপকাহিনির গুরুত্ব আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'রাজা ও রানী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

৪। (ক) "রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।"— কোন পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে? পদটির মূলভাব লেখো। ১+১+৩

*অথবা,*

(খ) "ঘরের বাহিরে দণ্ডে শতবার"— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? পদটির মমার্থ লেখো। ১+১+৩

৫। (ক) "দিনরাত মনে হয়, কোন আধমরা/জগতের সঙ্গে যেন আষ্টেপৃষ্ঠে বাঁধা পড়ে আছি।"— কে কোন প্রসঙ্গে একথা বলেছে? এই অনুভবের তাৎপর্য আলোচনা করো। ২+৩

*অথবা,*

(খ) "কিন্তু আমরা দেশ দেখি না অন্ধকারে।
নৈশ বিদ্যালয়ের থেকে চুপি-চুপি
পালিয়ে আসি জলের ধারে।"
— কোন কবিতার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ১+৪

৬। (ক) "যুদ্ধ বীরধর্ম বটে ক্ষমা তার চেয়ে/বীরত্ব অধিক"— বক্তা এ কথা কেন বলেছেন? ৫

*অথবা,*

(খ) "শাস্ত্র নাই, মন্ত্র নাই, নাই কোনো ব্রাহ্মণ্য বালাই"— বক্তা কে? কেন এই উক্তি করেছেন ব্যাখ্যা করো। ১+৪

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) 'মন্দির বাহির কঠিন কপাট'— পদটি অবলম্বনে বর্ষাভিসারের বর্ণনা দাও।

(খ) 'লোহার গরাদ দেওয়া একতলা ঘর'— ঘরটির বর্ণনা দাও।

(গ) "সন্ধি নহে— যুদ্ধ চাই আমি।"— প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) 'তাতল সৈকত বারি-বিন্দুসম'— কোন পর্যায়ের পদ?

(খ) "মন উচাটন/নিশ্বাস সঘন"— উচাটন কথার অর্থ কী?

(গ) "ঘর কৈনু বাহির, বাহির কৈনু ঘর"— কোন পর্যায়ের পদ?

(ঘ) "কত মধু-যামিনী রভসে গোঁয়াইলুঁ / না বুঝলুঁ কৈছন কেল।"— চলিত গদ্যে লেখো।

(ঙ) 'রাজা ও রানী' নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(চ) 'রাজা ও রানী' নাটকে জয়সেনের অমাত্যের নাম কী?

(ছ) ব্রাহ্মণ দেবদত্তের স্ত্রীর নাম কী?

(জ) নাটকের শেষে রানী সুমিত্রা রাজাকে স্বর্ণ থালায় করে কী উপহার দিয়েছিলেন?

(ঝ) অমরু রাজ কোন দেশের রাজা ছিলেন?

(ঞ) "আমি ছাড়া ঘরে থাকে আর একটি জীব/এক ভাড়াতেই"— জীবটি কী?

(ট) "তোমার শেষ গল্পের বইটি পড়েছি শরৎবাবু"— বইটির নাম লেখো।

(ঠ) "কিন্তু সেই বোষ্টমী এলো না"— বোষ্টমীর জন্য কথক কত বছর প্রতীক্ষায় আছে?

(ড) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে'— কবিতায় কোন কোন ব্রতের উল্লেখ আছে?

(ঢ) "দিনের ভাগাড়ে নামে রাত্রের শকুন"— কোন কবিতার অংশ?

(ণ) কিরাত দলপতি মাধবের চেহারার বর্ণনা দাও।